গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
www.dgnm.gov.bd

**বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে "জাতীয় শোক দিবস-২০২২" পালনের জন্য কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সিদ্দিকা আক্তার (অতিরিক্ত সচিব)<br>মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর। |
| তারিখ | | ৩১/০৭/২০২২ খ্রিঃ। |
| সময় | : | বেলা ৩.০০ টা |
| স্থান | : | সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০৫) |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন এবং ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতা ও সকল শহিদের রূহের মাগফেরাত কামনা করেন। বাংলাদেশ নামক স্বাধীন একটি রাষ্ট্র গড়ার পেছনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আত্নত্যাগের কথা স্মরণ করেন। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে সামাজিক দূরত্ব নিশ্চিত পূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবস-২০২২ পালন করতে হবে। স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্ত করণের লক্ষ্যে আজকের এ সভা আহবান করা হয়েছে।

২। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (শিক্ষা ও শৃংখলা) মোঃ রশিদুল মান্নাফ কবীর জাতীয় শোক দিবস-২০২২ উপলক্ষে গৃহীতব্য কর্মসূচি নিম্নরূপে উপস্থাপন করেন।

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। জাতীয় পতাকার সাইজ, রঙ, স্ট্যান্ড ঠিক আছে কি না সে দিকে লক্ষ্য রাখা। সর্বোপরি People's Republic of Bangladesh flag Rules 1972 অনুসরণ করা। | মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,<br>পরিচালক/অধ্যক্ষ/ইনস্ট্রাক্টর ইনচার্জ/কো-অর্ডিনেটর (সকল)। |
| ২. | ১৫ আগস্ট ২০২২ তারিখ এ অধিদপ্তর এবং আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রচার। জাতির পিতার প্রতিকৃতিতে সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে পুষ্পস্তবক অর্পন এবং ফাতেহা পাঠ ও মোনাজাত। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা, এবং সকল শিক্ষা প্রতিষ্ঠান (নিয়েনার, নার্সিং ইনস্টিটিউট, নার্সিং কলেজ, ডিসিইসি, পল্লী নার্সিং ট্রেনিং সেন্টার)। |
| ৩. | ক) স্মরণিকা প্রকাশ।<br>খ) স্বাস্থ্য সম্পর্কিত বঙ্গবন্ধুর বাণী ও ছবি ডিজিটাল ডিসপ্লে বোর্ডে প্রদর্শণ।<br>গ) জাতীয় শোক দিবসের পোস্টার মুদ্রণ ও বিতরণ।<br>ঘ) বঙ্গবন্ধুর উপর প্রামাণ্য চলচিত্রে প্রদর্শণ।<br>ঙ) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে সামাজিক দূরত্ব নিশ্চিত পূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত ও দোয়া মাহফিল আয়োজন এবং ব্যানার স্থাপন।<br>চ) শোকের মাস আগস্টে মাসব্যাপি কালো ব্যাজ পরিধান। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং সকল শিক্ষা প্রতিষ্ঠান (নার্সিং ইনস্টিটিউট, নার্সিং কলেজ, ডিসিইসি, পল্লী নার্সিং ট্রেনিং সেন্টার) |
| ৪. | ক) ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন।<br>খ) সকল বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের সকল নার্স ও মিডওয়াইফগণ স্থানীয় কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে যথাযোগ্য মর্যাদায় সামাজিক দূরত্ব নিশ্চিত পূর্বক জাতীয় শোক দিবসের কর্মসূচিতে অংশগ্রহণ করবেন। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,<br>পরিচালক, অধ্যক্ষ, সেবাতত্ত্বাবধায়ক, উপ-সেবা পরিচালক, তত্ত্বাবধায়ক, নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, কো-অর্ডিনেটর, নার্সিং সুপারভাইজার, (সকল)। |

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ৫. | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে দেয়ালিকা প্রকাশ। | শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ। |
| ৬. | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে রক্তদান কর্মসূচি পালন। | শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ। |
| ৭. | জাতীয় কমিটির প্রদত্ত ডিজাইন অনুসরণ করে ০১ আগস্টের মধ্যে দৃশ্যমান স্থানে ব্যানার স্থাপন নিশ্চিত করতে হবে। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, পরিচালক, অধ্যক্ষ, নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, কো-অর্ডিনেটর (সকল)। |
| ৮. | এ অধিদপ্তর ও আওতাধীন সকল প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত জাতীয় শোক দিবসের অনুষ্ঠানসমূহে সকল কর্মকর্তা কর্মচারীগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর পরিচালক, অধ্যক্ষ, নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, কো-অর্ডিনেটর (সকল)। |

৩। ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষে আয়োজিত শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠান, আলোচনা সভা, দোয়া মাহফিলসহ সকল অনুষ্ঠানে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক স্বাস্থ্যবিধি পালন সম্পর্কিত গাইডলাইন/ নির্দেশিকা অনুসরণ করতে হবে।

৪। গৃহীত কর্মসূচি বাস্তবায়নে মনিটরিং এর জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো।

| | | |
|---|---|---|
| ১ | মোঃ রশিদুল মান্নাফ কবীর (উপসচিব), পরিচালক (শিক্ষা) | আহবায়ক |
| ২ | মোঃ নাসির উদ্দীন (উপসচিব), পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা) | সদস্য |
| ৩ | শিরিন আখতার (উপসচিব), পরিচালক (অর্থ ও বাজেট) | সদস্য |
| ৪ | শিরিন আখতার, উপ-পরিচালক (শৃংখলা) | সদস্য |
| ৫ | মিরা রানী দাস, সহকারী পরিচালক | সদস্য |
| ৬ | মোছাঃ ফরিদা ইয়াসমিন, নার্সিং কর্মকর্তা (সমন্বয়) | সদস্য |
| ৭ | অলোক দাস, নার্সিং কর্মকর্তা | সদস্য |
| ৮ | মোঃ নুরুল হক, হিসাবরক্ষণ কর্মকর্তা | সদস্য |
| ৯ | মোঃ আনোয়ার হোসেন, প্রশাসনিক কর্মকর্তা | সদস্য |
| ১০ | খায়রুল কবির, কো-অর্ডিনেটর | সদস্য |
| ১১ | মোঃ খোরশেদ আলম, নার্সিং ইনস্ট্রাক্টর ও ডিপিএম | সদস্য সচিব |

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

নং-৪৫.০৩.০০০০.০০৫.২৩.০০১.১৯- ২৫৫৯(১০০)

তারিখঃ ৩/০৮/২০২২ খ্রিঃ

**অনুলিপিঃ** সদয় জ্ঞাতার্থে

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

**অনুলিপিঃ** কার্যার্থে

১। পরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (সকল)।
২। পরিচালক, জাতীয় নার্সিং উচ্চশিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান (নিয়ানার), মুগদা, ঢাকা।
৩। অধ্যক্ষ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট ............................(সকল)।

৪। উপ-পরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (সকল)।
৫। সহকারী পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৬। সহকারী পরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (সকল)।
৭। নার্সিং সুপারিনটেনডেন্ড/ডেপুটি নার্সিং সুপারিনটেনডেন্ড/ নার্সিং সুপারভাইজার (সকল)।
৮।বিভাগীয় সহকারী পরিচালক (নার্সিং)............................(সকল)।
৭। সহকারী প্রোগ্রামার, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করার জন্য)।
৯। ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট/নার্সিং ও মিডওয়াইফারি কলেজ (সকল)।
১০। কো-অর্ডিনেটর, বিভাগীয় কন্টিনিউইং এডুকেশন সেন্টার/পল্লী নার্সিং ট্রেনিং সেন্টার (সকল)।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৩/৮/২২

পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর